# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮৯৬

৯/ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৯/২০. বিবাহের ঘোষণা।

بَاب إِعْلَانِ النِّكَاحِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ رَافِعٍ حَدَّثَنَا هُشَيْمٌ عَنْ أَبِي بَلْجٍ عَنْ مُحَمَّدِ بْنِ حَاطِبٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَصْلُ مَا بَيْنَ الْحَلَالِ وَالْحَرَامِ الدُّفُّ وَالصَّوْتُ فِي النِّكَاحِ

বাংলা

২/১৮৯৬। মুহাম্মাদ ইবনু হাতিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হালাল ও হারাম বিবাহের মধ্যে পার্থক্য হলো- দফ বাজানো এবং শব্দ করা বা ঘোষণা প্রচার।

## English

It was narrated from Muhammad bin Hatib that the Messenger of Allah said: “What differentiates between the lawful and the unlawful is (beating) the Daff and raising the voices (in song) at the time of marriage.”

ফুটনোট

তিরমিযী ১০৮৮, ইরওয়াহ ১৯৯৪, মিশকাত ৩১৫৩। আল-আদাব ৯৬-৯৭

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী আবু বালজ (ইয়াহইয়া বিন সুলায়ম) সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। ইয়াহইয়া বিন মাঈন তাকে দুর্বল বলেছেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭২৬৯, ৩৩/১৬২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবন হাতিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন